# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলা প্রথম পত্র (সৃজনশীল)

বিষয় কোড: ১০১

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট  পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উল্লেখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। প্রতিটি অংশ থেকে কমপক্ষে ১টি করে মোট ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ — গদ্য

**১.** ▶ গাহি সাম্যের গান—

মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান
নাই দেশ কাল পাত্রের ভেদ, অভেদ ধর্মজাতি,
সব দেশে সব কালে ঘরে ঘরে তিনি মানুষের জাতি।

ক. মহাজাগরণের দিনে কোন শক্তিকে ভুললে চলবে না? ১

খ. লেখক বোধন-বাঁশিতে সুর দিতে বলেছেন কেন? ২

গ. পঙ্‌ক্তিটিতে 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের যে বিষয়ের প্রতি গুরুত্ব দেয়া হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের মূলভাব এবং 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের মূলভাব একসূত্রে গাঁথা।— বিশ্লেষণ কর। ৪

**২.** ▶ জাতীয় জীবন ধারা গঙ্গা-যমুনার মতো দুই ধারায় প্রবাহিত। এক ধারার নাম আত্মরক্ষা বা স্বার্থপ্রসার, আরেক ধারার নাম আত্মপ্রকাশ বা পরমার্থ বৃদ্ধি। একদিকে যুদ্ধবিগ্রহ, মামলা-ফ্যাসাদ প্রভৃতি কদর্যদিক, অপরদিকে সাহিত্য শিল্প, ধর্ম প্রভৃতি কল্যাণপ্রদ দিক। একদিকে শুধু কাজের জন্য কাজ, অপরদিকে আনন্দের জন্য কাজ। একদিকে সংগ্রহ, আরেক দিকে সৃষ্টি। যে জাতি দ্বিতীয় দিকটির প্রতি উদাসীন থেকে শুধু প্রথম দিকটির সাধনা করে, সে জাতি কখনও উচ্চজীবনের অধিকারী হতে পারে না।

ক. 'অবগাহন' শব্দের অর্থ কী? ১

খ. 'সকলের সমবায়ে সাহিত্যের জন্ম' এ কথার তাৎপর্য ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত প্রথম দিকটি 'বইপড়া' প্রবন্ধের যে দিকটিকে ইঙ্গিত করে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে পরমার্থ বৃদ্ধির প্রতি যে গুরুত্ব দেয়া হয়েছে তা 'বইপড়া' প্রবন্ধের লেখকের মতকে সমর্থন করে— মন্তব্যটির যথার্থতা বিচার কর। ৪

**৩.** ▶ শ্রাবণের শেষাশেষি একটি দিন। হাওয়া-শুন্য স্তব্ধতায় বিস্তৃত ধানক্ষেত নিথর। কোথাও একটু কম্পন নেই। আকাশে মেঘ নেই। এমন দিনে লোকেরা ধানক্ষেতে নৌকা নিয়ে বেরোয়। ধানক্ষেত্রে নিঃশব্দতা, কোথাও একটা কাক

http://teachingbd.com

আর্তনাদ করে উঠলে মনে হয় আকাশটা বুঝি চটের মতো চিরে গেল।

ক. খাঁচায় পড়ে থাকা অবহেলিত আসামির মতো আম আঁটির ভেঁপু কী পড়ে ছিল? ১

খ. রোদের উত্তাপ সহ্য করেও দুর্গা বাড়ির বাইরে যায় কেন? ২

গ. উদ্দীপকের সঙ্গে আম আঁটির ভেঁপু গল্পের বৈসাদৃশ্য নির্ণয় কর। ৩

ঘ. বিষয়বস্তুগত বিশ্লেষণে প্রকৃতিই উদ্দীপক ও আম আঁটির ভেঁপু গল্পের মূল প্রেরণা- মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

## খ অংশ — পদ্য

৪.▶ 'যে নদে ঝাঁপিয়ে পড়ে প্রতিদিন কেটেছি সাঁতার
আমার শরীরে আজও তাহার ঢেউয়ের ছোঁয়া টের পাই যেন মায়ের আদরমাখা দু'হাতের দোলা
সুবিশাল আমাজান কিংবা নীলনদের বাহুডোরে এমন সুস্বাদ স্নেহ পাইনি তো আমি!'

ক. 'কপোতাক্ষ নদ' কবিতাটি কোথা থেকে সংকলিত হয়েছে? ১

খ. 'কপোতাক্ষ' নদের জল ছাড়া অন্য কোনো নদীর জলে কবির তৃষ্ণা মিটেনা কেন? ২

গ. উদ্দীপকের মর্মবাণীতে 'কপোতাক্ষ নদ' কবিতার যে দিকটি ফুটে ওঠেছে তা বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকটির সাথে 'কপোতাক্ষ নদ' কবিতার ভাবগত মিল থাকলেও আঙ্গিকগত মিল নেই।— এর সত্যতা যাচাই কর। ৪

৫.▶ খোকন খোকন ডাক পারি
খোকন মোদের কার বাড়ি?
আয়রে খোকন ঘরে আয়,
দুধমাখা ভাত কাকে খায়।

ক. নীর অর্থ কী? ১

খ. আজও রোগে তার পথ্য জোটেনি- কেন? ২

গ. উদ্দীপকের মায়ের আহ্বানে যে দিকটি ফুটে উঠেছে 'পল্লিজননী' কবিতার মায়ের সঙ্গে তার মিল/অমিল কোথায়? ৩

http://teachingbd.com

ঘ. উদ্দীপক ও 'পল্লিজননী' কবিতায় বাঙালি মায়ের চিরন্তন পরিচয় বিধৃত— কথাটি বিশ্লেষণ কর। ৪

৬.▶ **স্তবক : ১**

দেখিনু সেদিন রেলে
কুলি বলে এক বাবুসাব তারে
ঠেলে দিলে নিচে ফেলে
চোখ ফেটে এলো জল
এমনি করে কি জগৎ জুড়িয়া
মার খাবে দুর্বল?

**স্তবক : ২**

হায়রে ভজনালয়,
তোমার মিনারে চড়িয়া ভণ্ড
গাহে স্বার্থের জয়।

ক. 'বর' শব্দের অর্থ কী? ১

খ. পূজারী মন্দিরের দ্বার বন্ধ করল কেন? ২

গ. উদ্দীপকের প্রথম তিন চরণ 'মানুষ' কবিতার কোন দিককে ধারণ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. স্তবক : ১— এর কবির মনোভাব এবং স্তবক : ২— এ 'মানুষ' কবিতার অংশটিতে যা বলা হয়েছে, তা সম্পূর্ণ ভাবকে ধারণ করেছে— কথাটির সত্যতা যাচাই কর। ৪

## গ অংশ — সহপাঠ

৭.▶ মুর্দা ফকির ঝড়ও বোঝে না, আগুনও বোঝে না। ও তো এক রকম কবরের বাসিন্দা। গোরস্তানের বাইরে কখনো যায় না বলে এই নাম। পাগল!বদ্ধ পাগল! '৪৩-এর দুর্ভিক্ষে চোখের সামনে ছেলেমেয়ে, মা-বৌকে মরতে দেখেছে। কিন্তু কাউকে কবরে যেতে দেখেনি। মুর্দাগুলো পচেছে। তখন থেকে মুর্দা ফকির পাগল।

ক. বুধার পরিবারের সবাই কোন রোগে মারা যায়? ১

খ. বুধা কেন মাটি কাটার দলে কাজ নিতে চায়? ২

Teachingbd.com

গ. উদ্দীপকটি কোনদিকে থেকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সঙ্গে সাদৃশ্যপূণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকটিতে 'কাকতাড়ুয়া উপন্যাসের আংশিক ভাব প্রতিফলিত হয়েছে মাত্র— কথাটির সত্যতা যাচাই কর। ৪

**৮.** ▶ কলিং বেলের শব্দ শুনে গেট খুলে দেন রেনু বেগম। পাশের বাড়ির স্কুলপড়ুয়া মেয়েটিকে বিয়ের সাজে দেখে বিস্মিত হয়ে কারণ জানতে চাইলে সে হাউমাউ করে কেঁদে বলল, 'চাচি, আমাকে বাঁচান। বাবা টাকার লোভে তার বন্ধুর সঙ্গে আমাকে জোর করে বিয়ে দিচ্ছে।' তিনি মেয়েটিকে বুকে জড়িয়ে আদর করে বললেন, 'মা, তুমি চিন্তা করো না। যেভাবেই হোক, এ বিয়ে আমি বন্ধ করব।'

ক. তাহেরা কোন ঘাট থেকে বজরায় উঠেছিল? ১

খ. হাতেম আলী কেন শহরে গিয়েছিল? ২

গ. উদ্দীপকের রেনু বেগম চরিত্রটি 'বহিপীর' নাটকের কোন চরিত্রের সঙ্গে বৈসাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. অসম বিবাহ ও বাল্যবিবাহ বন্ধে রেনু বেগমের ভূমিকা 'বহিপীর' নাটকে অনুপস্থিত— উক্তিটির যথার্থতা 'বহিপীর নাটকের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৯.** ▶ "অনেক যুদ্ধ হলো
অনেক রক্ত গেলো
শিমুল তুলার মতো সোনা-রূপা ছড়ানো বাতাস।
ছোট ভাইটিকে আমি কোথাও দেখি না,
নরম নোলক পরা বোনটিকে আজ আর কোথাও দেখি না।
কেবল পতাকা দেখি, স্বাধীনতা দেখি।
তবে কি আমার ভাই আজ ঐ স্বাধীন পতাকা?"

ক. বুধা মিলিটারি ক্যাম্পে কী পুঁতে এসেছিল? ১

খ. বুধা সেনাবাহিনী ক্যাম্পে পেয়ারা নিয়ে গিয়েছিল কেন? ২

গ. উদ্দীপকের মূলভাব 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিককে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের মূলভাব 'কাকতাড়ুয়া' উপন্যাসের সামগ্রিক দিক ধারণ করে না- বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বাংলা **প্রথম** পত্র: নৈর্ব্যক্তিক অভীক্ষা বিষয় কোড: | ১ | ০ | ১ |

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **'পালামৌ' গল্পে কোন ভাষারীতি ব্যবহার করা হয়েছে?**
ক মিশ্র খ চলিত
গ সাধু ঘ আঞ্চলিক

২. **'হতোদ্যম' শব্দের অর্থ কী?**
ক হত্যায় উদ্যত খ উদ্যমহীন
গ হতবুদ্ধি ঘ উদ্যমী

৩. **'দ্রাখমে' সংস্কৃতে এসে কোন রূপ ধারণ করে?**
ক দ্রাখিস্মে খ দ্রখিস্মে
গ দ্রম্য ঘ দ্রম্যি

৪. **'অভাগীর স্বর্গ' গল্পে অভাগীর নাম দিয়েছিল তার—**
ক মা খ বাবা
গ নানা ঘ দাদা

৫. **'ভাজাকুলা' বলতে 'নিরীহ বাঙালি' প্রবন্ধে লেখক কোনটি ব্যবহার করেছেন?**
ক জীর্ণ কাঁথা খ কালিডোর
গ কুন্তলীন ঘ ভগ্ন শূর্প

৬. **মুক্তিযুদ্ধের সময় মে মাসের কোন তারিখে মাধ্যমিক স্কুল খোলার কথা বলা হয়েছিল?**
ক ৮ তারিখ খ ৯ তারিখ
গ ১০ তারিখ ঘ ১১ তারিখ

৭. **হযরত মুহম্মদ (স)-কে 'অনুকরণীয়' ও 'বরণীয়' বলার কারণ, তাঁর—**
ক ন্যায়বিচার খ সুশাসন
গ সাহসিকতা ঘ মানবীয় গুণাবলি

৮. **বনফুলের কর্মজীবন শুরু হয়—**
ক মেডিকেল অফিসার হিসেবে
খ ডেপুটি ম্যাজিস্ট্রেট হিসেবে
গ কলেজের শিক্ষক হিসেবে
ঘ পত্রিকার সম্পাদক হিসেবে

**উদ্দীপকটি পড় এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও :**
"মাতাপিতা জ্ঞাতি ভাই ভেদ নাহি মনে॥
সকলে সমান মিত্র শত্রু নাহি যার।
মানুষ তারেই বলি মানুষ কে আর?"

৯. **উদ্দীপকে 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধে কাকে ইঙ্গিত করা হয়েছে?**
ক চাচাজিকে খ নেতাজিকে
গ গান্ধীজিকে ঘ দাদাজিকে

১০. **নিচের যে কথাটিতে উদ্দীপকের মূল বক্তব্য ফুটে উঠেছে—**
i. 'এস, আমাদের উপেক্ষিত ভাইদের হাত ধরিয়া আজ বোধন-বাঁশিতে সুর দিই'
ii. মানুষকে মানুষ হইয়া ঘৃণা করিবার, তোমার কি অধিকার আছে
iii. তাহার আভিজাত্য-গৌরব নাই, পদ-গৌরবের অহংকার নাই
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১১. **মানুষের অন্ন-বস্ত্রের সমস্যার সমাধানের চেষ্টা করতে হবে কোন দিকে লক্ষ রেখে?**
ক অর্থনৈতিক মুক্তির খ আত্মিক মুক্তির
গ চিন্তার স্বাধীনতার ঘ বুদ্ধির স্বাধীনতার

**উদ্দীপকটি পড় এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও :**
আজিজার মেম্বার বাড়ির বছর বাঁধা রাখাল। জমি-জিরেত থেকে গোয়াল-পুকুর সর্বত্র সে এমনি তদারকি করে যে, সবাই বলে— "আজিজার মেম্বার বাড়ির চেয়ারম্যান।"

১২. **উদ্দীপকের মেম্বার বাড়ির মধ্য দিয়ে 'মমতাদি' গল্পে যে বাড়ির কথা বোঝা যায় তা হলো—**
ক মমতাদির শ্বশুরবাড়ির
খ লেখকের বাড়ির
গ জীবনময় গলির সাতাশ নম্বর বাড়ির
ঘ মমতাদির বাপের বাড়ির

১৩. **উদ্দীপকের আজিজার চরিত্রটি 'মমতাদি' গল্পের কোন চরিত্রকে সমর্থন করে?**
ক লেখকের মা খ লেখক
গ মমতাদি ঘ মমতাদির স্বামী

১৪. **নববর্ষ উদ্‌যাপনের মাধ্যমে কী প্রকাশ পেয়েছে?**
ক উগ্রজাতীয়তা খ ঐক্যবোধ
গ বহুমুখী ভাবনা ঘ সাংস্কৃতিক ভিন্নতা

১৫. **তথ্যবহুল গদ্য রচনা হলেই, প্রবন্ধ সাহিত্যের উদাহরণরূপে গণ্য হবে না, যদি না লেখাটি—**
i. সাহিত্য পদবাচ্য হয়
ii. সৃজনশীলতা বর্জিত হয়
iii. অভিনব হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১৬. **ঈশ্বরী পাটনীর বর প্রার্থনায় ধরা পড়েছে—**
i. ব্যক্তিস্বার্থ আকাঙ্ক্ষার প্রতিফলন
ii. জাতীয় আকাঙ্ক্ষার প্রতিফলন
iii. উদার দৃষ্টিভঙ্গি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১৭. **মুক্তিযোদ্ধারা কীসের জন্য নির্ঘুম রাতকে উৎসর্গ করেছিলেন?**
ক মাতৃভূমির মুক্তির জন্য খ আত্মরক্ষার জন্য
গ গ্রাম রক্ষার জন্য ঘ শত্রু রক্ষার জন্য

১৮. **"আয়ু যেন শৈবালের নীর"— এখানে নীর অর্থ—**
ক পানি খ বাসস্থান
গ চোখ ঘ অশ্রু

**উদ্দীপকটি পড় এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও :**
যেতে নাহি দিব, হায়
তবু যেতে দিতে হয়
তবু চলে যায়।

১৯. **উদ্ধৃতাংশের মূলভাবের সাথে কোন কবিতার মূল বক্তব্যের সাদৃশ্য আছে?**
ক মানুষ খ ঐকতান
গ আমার পরিচয় ঘ প্রাণ

২০. **উভয় কবিতার সাদৃশ্যের দিকটি হলো—**
i. মানবপ্রেম ii. সত্যপ্রীতি
iii. ধরণীপ্রীতি
**নিচের কোনটি সঠিক?**

Teachingbd.com

ক i ও ii　　খ ii ও iii
গ i ও iii　　ঘ iii

২১. অন্ধবধূর কাছে মন্দ নয় কোনটি?
ক নিজের মৃত্যু　　খ দিঘির ঘাট
গ ঠাকুরঝির রূপ　　ঘ স্বামীর মৃত্যু

২২. ঝর্ণা কী দুলিয়ে যায়?
ক তরল শ্লোক　　খ অচল-ঠাঁট
গ কানের দুল　　ঘ জরির জাল

২৩. 'তেরিয়া' শব্দের অর্থ কী?
ক ক্রুদ্ধভাবে　　খ শান্তভাবে
গ ভদ্রভাবে　　ঘ নম্রভাবে

২৪. 'এশিরিয়া ধুলো আজ বেবিলন ছাই হয়ে আছে' বলতে কী বোঝানো হয়েছে?
ক মানুষের গড়া পৃথিবীর অনেক সভ্যতা বিলীন হয়ে গেছে
খ এশিরিয়া আগুনে পুড়ে ছাই হয়ে গিয়েছিল
গ পুড়ে যাওয়া বেবিলনের ছাই পড়ে আছে
ঘ এশিরিয়া ধুলো বেবিলনে পড়ে ছাই হলো

**উদ্দীপকটি পড় এবং ২৫ নং প্রশ্নের উত্তর দাও :**
"তোমরা দেখছনি কেউ তারে—
আমার সাতরাজার ধন নয়নমণি কোথায় যেতে পারে?"

২৫. উদ্দীপকের সাথে নিচের কোনটির মিল আছে?
ক রুগ্ন ছেলের শিয়রে বসিয়া একেলা জাগিছে মাতা
খ মা কয়, 'বাছারে! চুপটি করিয়া ঘুমোত একটি বার
গ পাণ্ডুর গালে চুমো খায় মাতা। সারা গায়ে দেয় হাত
ঘ ওরে মুখপোড়া কোথা গিয়াছিলি এমনি এ কালি সাঁঝে

২৬. ফররুখ আহমদ ঢাকা বেতারে কোন পদে নিয়োজিত ছিলেন?
ক স্টাফ রাইটার　　খ চিফ এডিটর
গ সংবাদ পাঠক　　ঘ নিউজ এডিটর

২৭. জমিলার মা'র রান্নাঘরের বর্ণনায় আমরা গ্রামীণ জীবনের কোন দিকটি খুঁজে পাই?
ক নারী নির্যাতনের চিত্রছায়া
খ সুনিবিড় পল্লিকুটির

২৮. 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার প্রথম চরণ কোনটি?
ক তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা, তোমাকে পাওয়ার জন্যে
খ তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা
গ তুমি আসবে বলে, হে স্বাধীনতা
ঘ স্বাধীনতা, তোমার জন্য

২৯. 'আমার পরিচয়' কবিতায় কোন যুগের চিত্রকলার কথা আছে?
ক মুঘল যুগের　　খ পাল যুগের
গ সুলতানি যুগের　　ঘ পাঠান যুগের

৩০. 'স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতায় সাধারণ মানুষের প্রতীক্ষা মূলত কার জন্য?
ক কবির　　খ নেতার
গ শিল্পীর　　ঘ গায়কের

৩১. শাহাবুদ্দিন বুধাকে কী দায়িত্ব দিয়েছিলেন?
ক বোমা মেরে ক্যাম্প ধ্বংস করার
খ মাইন দিয়ে ক্যাম্প উড়িয়ে দেওয়ার
গ গুলি করে সেনাবাহিনী হত্যা করার
ঘ আগুন লাগিয়ে আহাদ মুন্সির বাড়ি পুড়িয়ে দেওয়ার

৩২. মুড়ি ভাজে কে?
ক নোলক বুয়া　　খ আতা ফুফু
গ হরি কাকু　　ঘ হাশেম মিয়া

৩৩. শাহাবুদ্দিন—
i. মুক্তিযোদ্ধা কমান্ডার
ii. আর্ট কলেজের ছাত্র
iii. সাংবাদিক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　　খ ii ও iii
গ i ও iii　　ঘ i, ii ও iii

৩৪. বুধা কার বাড়িতে বসে রেডিওতে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ শুনছিল?
ক মধুর　　খ কানুদয়ালের
গ সালাম চাচার　　ঘ শরিফ চাচার

৩৫. চাচির মুখে বুধা মুক্তির কথা শুনে—
i. হোঁচট খায়
ii. গলায় ভাত আটকে যায়
iii. জোরে কাশতে থাকে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　　খ ii ও iii
গ i ও iii　　ঘ i, ii ও iii

৩৬. বহিপীর জমিদারের বজরায় উঠলেন কেন?
ক জমিদারের সঙ্গে সাক্ষাৎ করতে
খ জমিদারের অনুরোধ রক্ষা করতে
গ পথিমধ্যে নৌকা দুর্ঘটনায় পতিত হয়ে
ঘ জমিদারকে নগদ অর্থ প্রদান করতে

৩৭. বহিপীর হাশেমকে ডেকে কী প্রশ্ন করেছিলেন?
ক কোন কলেজ থেকে পাস করেছে
খ জমিদারিত্বের বয়স কত
গ তাদের আশ্রিত মেয়েটির পরিচয়
ঘ কী জন্য সে ছাপাখানা করবে

৩৮. বজরায় ওঠার পর তাহেরার অভিব্যক্তিতে প্রকাশ পায়—
i. উৎকণ্ঠা
ii. ভয়ে নির্বাক অনুভূতি
iii. নির্ভাবনা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　　খ ii ও iii
গ i ও iii　　ঘ i, ii ও iii

৩৯. তাহেরা কোন কথাটা প্রকাশ করতে নিষেধ করল?
ক বজরায় তার অবস্থানের কথা
খ পানিতে ডুবে মরার কথা
গ তার চাচাতো ভাইয়ের কথা
ঘ তার বিবাহের কথা

৪০. 'বহিপীর' নাটকে হুকিকুল্লাহ চরিত্রটি—
i. ধামাধরা　　ii. ব্যক্তিত্বহীন
iii. বিচক্ষণ
নিচের কোনটি সঠিক?
ক i　　খ i ও ii
গ ii　　ঘ ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | খ | ৩ | গ | ৪ | খ | ৫ | ঘ | ৬ | খ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | গ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | গ | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | ঘ |
| | ২১ | ক | ২২ | খ | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | খ | ৩১ | খ | ৩২ | ক | ৩৩ | ক | ৩৪ | খ | ৩৫ | ঘ | ৩৬ | গ | ৩৭ | গ | ৩৮ | ক | ৩৯ | ক | ৪০ | ঘ |

http://teachingbd.com